

“শিল্পে প্রাকৃতিক গ্যাস  
গৃহস্থালীতে বিকল্প জ্বালানী”

“বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা  
সর্বোচ্চ অগ্রাধিকার”



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)  
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

বাপেক্স ভবন, ৪, কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫



সূত্র নং-২৮.০৯.০০০০.০১৭.১১.০০১.২২/ ১৩৭

তারিখ: ০২ জুন ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)-এর নিম্নবর্ণিত পদসমূহে শূন্যপদের বিপরীতে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নম্বর	পদের নাম	বেতন স্কেল ও গ্রেড	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন
১.	স্টোরকিপার	টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড- ১৩)	০১	স্নাতক ডিগ্রী।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
২.	সি এন্ড এফ ইনসপেক্টর	টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড- ১৩)	০১	স্নাতক ডিগ্রী।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
৩.	সিকিউরিটি হাবিলদার	টাকা ৯৩০০-২২৪৯০ (গ্রেড- ১৬)	০১	সিকিউরিটি হাবিলদার পদে ১ বৎসরের অভিজ্ঞতাসহ ন্যূনতম এইচ,এস,সি পাশ।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
৪.	শিপিং এসিস্টেন্ট	টাকা ৯৩০০-২২৪৯০ (গ্রেড- ১৬)	০১	শিপিং এসিস্টেন্ট পদে ১ বৎসরের অভিজ্ঞতাসহ ন্যূনতম এইচ,এস,সি পাশ।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
৫.	রেকর্ড কিপার	টাকা ৯০০০-২১৮০০ (গ্রেড- ১৭)	০১	রেকর্ড কিপার পদে ১ বৎসরের অভিজ্ঞতাসহ ন্যূনতম ৮ম শ্রেণী পাশ।	মুন্সীগঞ্জ ও নারায়নগঞ্জ জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
৬.	ডেসপাচ রাইডার	টাকা ৮৮০০-২১৩১০ (গ্রেড- ১৮)	০১	ডেসপাচ রাইডার পদে ১ বৎসরের অভিজ্ঞতাসহ ন্যূনতম ৮ম শ্রেণী পাশ।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
৭.	ডেসপাচার	টাকা ৮৮০০-২১৩১০ (গ্রেড- ১৮)	০১	ডেসপাচার পদে ১ বৎসরের অভিজ্ঞতাসহ ন্যূনতম ৮ম শ্রেণী পাশ।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
৮.	ক্যাশিয়ার	টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড- ১৩)	০২	হিসাব বিজ্ঞান/অর্থ/ব্যবসায় প্রশাসনে ন্যূনতম স্নাতক ডিগ্রী।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
৯.	ফোরম্যান (মেকানিক)	টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড- ১৩)	০১	মেকানিক্যাল বিষয়ে অনুমোদিত সার্টিফিকেট কোর্সসহ ফোরম্যান (মেকানিক) পদে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতাসহ এইচএসসি (বিজ্ঞান) পাশ।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১০.	হেডম্যান	টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড- ১৩)	০২	ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল বিষয়ে অনুমোদিত সার্টিফিকেট কোর্সসহ হেডম্যান পদে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতাসহ এইচএসসি (বিজ্ঞান) পাশ।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১১.	ল্যাবরেটরি টেকনিশিয়ান-১	টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড- ১৩)	০১	ক্যামিকেল ল্যাবরেটরি টেকনিশিয়ান ট্রেডে অনুমোদিত সার্টিফিকেট কোর্সসহ ল্যাবরেটরি টেকনিশিয়ান-১ পদে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতাসহ এইচএসসি (বিজ্ঞান) পাশ।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১২.	মাদ সুপারভাইজার	টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড- ১৩)	০১	মাদ সুপারভাইজার পদে ২ বৎসরের অভিজ্ঞতাসহ এইচএসসি (বিজ্ঞান) পাশ।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১৩.	ওভারশিয়ার	টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড- ১৩)	০১	ওভারশিয়ার/ আমিনশীপ/সার্ভেয়ার ট্রেডে অনুমোদিত সার্টিফিকেট কোর্সসহ ওভারশিয়ার পদে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতাসহ এইচএসসি (বিজ্ঞান) পাশ।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১৪.	সিসমিক ডিলার	টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড- ১৩)	০১	মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল ট্রেডে অনুমোদিত সার্টিফিকেট কোর্সসহ সিসমিক ডিলার পদে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতাসহ এইচএসসি (বিজ্ঞান) পাশ।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১৫.	এসি মেকানিক	টাকা ১০২০০-২৪৬৮০ (গ্রেড- ১৪)	০১	এসএসসি পাশ এবং রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং বিষয়ে অনুমোদিত ট্রেড/সার্টিফিকেট কোর্সসহ এসি মেকানিক পদে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন

১৬.	অটো ইলেকট্রিশিয়ান	টাকা ১০২০০-২৪৬৮০ (গ্রেড- ১৪)	০১	এসএসসি পাশ এবং অটো ইলেকট্রিশিয়ান/ অটো মেকানিক বিষয়ে অনুমোদিত ট্রেড/সার্টিফিকেট কোর্সসহ অটো ইলেকট্রিশিয়ান পদে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১৭.	ফ্রেন অপারেটর	টাকা ১০২০০-২৪৬৮০ (গ্রেড- ১৪)	০২	৮ম শ্রেণী পাশ এবং ফ্রেন অপারেটর পদে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতাসহ অনুমোদিত প্রতিষ্ঠান হইতে জারীকৃত হেডি ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স আবশ্যিক।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১৮.	ডেরিকম্যান	টাকা ১০২০০-২৪৬৮০ (গ্রেড- ১৪)	০৪	এসএসসি পাশ এবং মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল বিষয়ে অনুমোদিত ট্রেড/সার্টিফিকেট কোর্সসহ রিগে ডেরিকম্যান হিসেবে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১৯.	ইলেকট্রিশিয়ান	টাকা ১০২০০-২৪৬৮০ (গ্রেড- ১৪)	০১	ন্যূনতম এসএসসি পাশ এবং ইলেকট্রিক্যাল/ অটো ইলেকট্রিশিয়ান ট্রেডকোর্সসহ অনুমোদিত প্রতিষ্ঠান হইতে জারীকৃত লাইসেন্সসহ ইলেকট্রিশিয়ান পদে ২ বৎসরের অভিজ্ঞতা।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
২০.	এইচডিও/সিনিয়র ড্রাইভার	টাকা ১০২০০-২৪৬৮০ (গ্রেড- ১৪)	০১	ন্যূনতম ৮ম শ্রেণী পাশ ও এইচডিও/সিনিয়র ড্রাইভার পদে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা এবং অনুমোদিত প্রতিষ্ঠান হইতে জারীকৃত হেডি ভেহিক্যালস লাইসেন্স আবশ্যিক।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
২১.	ল্যাবরেটরি টেকনিশিয়ান-২	টাকা ১০২০০-২৪৬৮০ (গ্রেড- ১৪)	০১	এসএসসি পাশ এবং ক্যামিকেল ল্যাবরেটরি টেকনিশিয়ান বিষয়ে অনুমোদিত ট্রেড/সার্টিফিকেট কোর্সসহ ল্যাবরেটরি টেকনিশিয়ান-২ পদে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
২২.	মেশিনিস্ট	টাকা ১০২০০-২৪৬৮০ (গ্রেড- ১৪)	০২	এসএসসি পাশ এবং মেশিন টুলস অপারেশন বিষয়ে অনুমোদিত ট্রেড/সার্টিফিকেট কোর্সসহ মেশিনিস্ট পদে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
২৩.	মেকানিক (ইঞ্জিন)	টাকা ১০২০০-২৪৬৮০ (গ্রেড- ১৪)	০১	এসএসসি পাশ এবং ইঞ্জিন মেকানিক বিষয়ে অনুমোদিত ট্রেড/সার্টিফিকেট কোর্সসহ মেকানিক (ইঞ্জিন) পদে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
২৪.	প্লান্ট মেকানিক	টাকা ১০২০০-২৪৬৮০ (গ্রেড- ১৪)	০২	এসএসসি পাশ এবং মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল বিষয়ে অনুমোদিত ট্রেড/সার্টিফিকেট কোর্সসহ গ্যাস প্রসেস প্লান্ট প্লান্ট মেকানিক পদে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
২৫.	ওয়েল্ডার	টাকা ১০২০০-২৪৬৮০ (গ্রেড- ১৪)	০১	এসএসসি পাশ এবং ওয়েল্ডিং বিষয়ে অনুমোদিত ট্রেড/সার্টিফিকেট কোর্সসহ ওয়েল্ডার পদে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
২৬.	ফায়ার ফাইটার	টাকা ৯৩০০-২২৪৯০ (গ্রেড- ১৬)	০১	এইচএসসি পাশসহ ফায়ার সার্ভিস অথবা সিভিল ডিফেন্স-এ ফায়ার ফাইটার পদে ১ বৎসরের অভিজ্ঞতা।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
২৭.	সিনিয়র ফিটার	টাকা ৯৩০০-২২৪৯০ (গ্রেড- ১৬)	০১	৮ম শ্রেণী পাশ এবং সিনিয়র ফিটার পদে ন্যূনতম ১ বৎসরের অভিজ্ঞতাসহ জেনারেল মেকানিকস /মেকানিক্যাল ফিটার ট্রেড/ সার্টিফিকেট কোর্স।	কুড়িগ্রাম জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
২৮.	রিগম্যান	টাকা ৯৩০০-২২৪৯০ (গ্রেড- ১৬)	১৬	এসএসসি পাশ এবং রিগে রিগম্যান হিসেবে ন্যূনতম ১ বৎসরের অভিজ্ঞতাসহ ইলেকট্রিক্যাল /মেকানিক্যাল ট্রেড/ সার্টিফিকেট কোর্স সম্পন্ন।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
২৯.	প্লাম্বার	টাকা ৯০০০-২১৮০০ (গ্রেড- ১৭)	০১	ন্যূনতম ৮ম শ্রেণী পাশ এবং প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং/ভোকেশনাল ট্রেড/সার্টিফিকেট কোর্স।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
৩০.	চেইনম্যান	টাকা ৮৫০০-২০৫৭০ (গ্রেড- ১৯)	০১	ন্যূনতম ৮ম শ্রেণী পাশ এবং সার্ভেয়ার ট্রেড/ভোকেশনাল পাশ হতে হবে।	ঢাকা ও কুমিল্লা জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
৩১.	হেলপার (ইলেকট্রিক)	টাকা ৮৫০০-২০৫৭০ (গ্রেড- ১৯)	০১	ন্যূনতম ৮ম শ্রেণী পাশ এবং ইলেকট্রিক্যাল/অটো ইলেকট্রিক্যাল ট্রেড/ভোকেশনাল পাশ হতে হবে।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন

**অন্যান্য শর্তাবলী:**

- ১। সাধারণ প্রার্থীদের ১৪ জুলাই ২০২২ তারিখ পর্যন্ত বয়সসীমা ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বর্ণিত তারিখে আবেদনকারী প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সনদে ও প্রযোজ্য ক্ষেত্রে স্কুল কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদে উল্লিখিত জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য হবে। বয়স সংক্রান্ত কোন এফিডেভিট (Affidavit) গ্রহণযোগ্য হবে না।



- ২। আবেদন ফরম সঠিকভাবে পূরণ ও বিজ্ঞাপনে বর্ণিত শর্তাদি প্রতিপালন করা হলে সংশ্লিষ্ট প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহণকালে নির্ধারিত আবেদন ফরমে প্রার্থীর উল্লিখিত তথ্য প্রমাণের জন্য আবশ্যিকভাবে নিম্নলিখিত কাগজপত্র/সার্টিফিকেট মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণকারী কমিটি/কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে এবং একসেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:
- ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সকল মূল সার্টিফিকেট প্রদর্শন করতে হবে;
- খ) ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান বা পৌরসভা/সিটি কর্পোরেশন এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট দাখিল করতে হবে;
- গ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র (প্রার্থী কর্তৃক চাকরির আবেদন ফরমে যে তথ্য প্রদান করা হবে) এর মূল কপি প্রদর্শন এবং সত্যায়িত কপি দাখিল করতে হবে;
- ঘ) বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) অবশ্যই দাখিল করতে হবে;
- ঙ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র প্রদর্শন এবং এর কপি দাখিল করতে হবে;
- চ) সকল সার্টিফিকেট/রেকর্ডপত্রের ফটোকপি সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক অবশ্যই সত্যায়িত হতে হবে;
- ছ) অনলাইন (Online)- এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) অবশ্যই দাখিল করতে হবে।
- ৩। আবেদনকারীকে তার অর্জিত শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন বৈধ সুযোগ দাবী করলে তা গ্রহণযোগ্য হবে না।
- ৪। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীর পিতা/মাতা এবং পিতা-মাতার পিতা/মাতা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা হিসেবে বিবেচিত হবেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-০৩.০৭৭.০১. ০৪৬.০০.০৪. ২০১০-৩৫৬; তারিখ: ০৭.১১.২০১০ মোতাবেক যীদের নাম মুক্তিবর্তী পত্রিকায় প্রকাশিত হয়েছিল, অথবা বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছিল, অথবা যারা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বাক্ষরযুক্ত সনদপত্র গ্রহণ করেছেন। এছাড়া মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পরিপত্র নম্বর: ৪৮.০০.০০০০. ০০৩.২৫.০১৯.২০.৮৭৫; তারিখ: ১৮.১০.২০২০ অনুযায়ী উক্ত মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ([www.molwa.gov.bd](http://www.molwa.gov.bd)) সংরক্ষিত/প্রদর্শিত যে কোন একটি প্রমাণক থাকলে, তা সঠিক ও গ্রহণযোগ্য মর্মে বিবেচিত হবে। এক্ষেত্রে প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার মূল সনদপত্র প্রদর্শন এবং এর সত্যায়িত কপিসহ চাকরি প্রার্থী মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান বা পৌরসভা/সিটি কর্পোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র প্রদর্শন ও কপি জমা দিতে হবে।
- ৫। শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে চাকরি প্রার্থী একজন শারীরিক প্রতিবন্ধী/এতিমখানা নিবাসী এ মর্মে সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সংশ্লিষ্ট অফিস অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান বা পৌরসভা/সিটি কর্পোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র প্রদর্শন ও কপি জমা দিতে হবে।
- ৬। উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত উপজাতীয় বিষয়ক সনদের কপি জমা দিতে হবে। অন্যান্য কোটার প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যথাপযুক্ত অফিসার কর্তৃক প্রদত্ত সনদের কপি জমা দিতে হবে।
- ৭। বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)-এর কাজে অস্থায়ীভাবে নিয়োজিত ৪টি Civil Review Petition No.145,146,147,148 of 2019 এর রায়ের সাথে সম্পৃক্ত ৪২ জন পিটিশনারের চাকরির আবেদনের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- ৮। এইচডিও/সিনিয়র ড্রাইভার পদের প্রার্থীদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর ড্রাইভিং এর ফিল্ড টেস্টে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র ফিল্ড টেস্টে উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।
- ৯। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১০। কোন প্রার্থী নিয়োগ প্রাপ্তির পর তার প্রদত্ত/দাখিলকৃত কোন তথ্য/অভিজ্ঞতা সনদ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১১। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- ১২। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৪। একজন প্রার্থী শুধুমাত্র একটি পদে আবেদন করতে পারবেন। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করলে তার সকল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১৫। নিয়োগ সংক্রান্ত সর্বশেষ তথ্যাদি বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) এর ওয়েবসাইট ([www.bapex.com.bd](http://www.bapex.com.bd)) এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইট এ প্রকাশিত হবে বিধায় চাকরি প্রার্থীদের সংশ্লিষ্ট Website Visit করতে হবে।

- ১৬। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS এর মাধ্যমে এবং বাপেক্স এর ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হবে।
- ১৭। বাপেক্স একটি তেল, গ্যাস অনুসন্ধান ও উৎপাদন কোম্পানি এবং এর অধিকাংশ কার্যক্রম দুর্গম/প্রত্যন্ত এলাকায় হওয়ায় সেসব এলাকায় চাকরি করার মানসিকতা সম্পন্ন প্রার্থীগণকে আবেদন করার জন্য উৎসাহিত করা হচ্ছে।
- ১৮। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) এর কর্মচারী চাকরি প্রবিধানমালা এবং জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৯। অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়:

ক. পরীক্ষায় অংশগ্রহণ ইচ্ছুক প্রার্থীগণ <http://bapex.teletalk.com.bd> ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫ জুন ২০২২ খ্রি. সকাল ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৪ জুলাই ২০২২ খ্রি. বিকাল ৫:০০ টা

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও আবেদন ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid মোবাইল ফোন নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা এবং টেলিটক চার্জ বাবদ ১২/- (বার) টাকা সহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দেবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। অনলাইনে আবেদন এবং টাকা জমা দেওয়ার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারণিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

**প্রথম SMS:** BAPEX<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BAPEX ABCDEF

Reply: Applicant's Name, Tk-112/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BAPEX <Space>Yes <Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** BAPEX<space>YES<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: BAPEX YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BAPEX Application for post xxxxxx User ID is (ABCDEF) and password (xxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <http://bapex.teletalk.com.bd> ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া ও প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রয়োজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র Teletalk pre-paid mobile ফোন নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন:

i. **User ID** জানা থাকলে: BAPEX<space>Help<space>User<space>User ID & Send to 16222.  
Example: BAPEX HELP USER ABCDEF & Send to 16222


ii. **PIN Number** জানা থাকলে: BAPEX <space>Help<space> PIN<space>PIN No & Send to 16222.  
Example: BAPEX HELP PIN 12345678 & Send to 16222

ঝ. বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) এর Website: [www.bapex.com.bd](http://www.bapex.com.bd), পেট্রোবাংলার Website: [www.petrobangla.org.bd](http://www.petrobangla.org.bd) ও জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ওয়েবসাইট [www.emrd.gov.bd](http://www.emrd.gov.bd) এ দেখা যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য [www.bapex.com.bd](http://www.bapex.com.bd) ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা [vas.query@teletalk.com.bd](mailto:vas.query@teletalk.com.bd) বা [gadmin@bapex.com.bd](mailto:gadmin@bapex.com.bd) ই-মেইলে যোগাযোগ করা যাবে। (E-mail এর subject -এ Organization Name: BAPEX, Post Name:\*\*\*\*, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

ট. **ডিক্লারেশন:**

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

  
০২, ০৬, ২০২২  
মহাব্যবস্থাপক (প্রশাসন)

ও  
আহবায়ক, জুনিয়র সিলেকশন কমিটি